গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০০৮.২২.২৯৯

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩৩ / ২৩ নভেম্বর ২০২৬

পরিপত্র

বিষয় : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ ৯টি শিক্ষা বোর্ড (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (সংশোধনীসহ) অনুযায়ী গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ ৯টি শিক্ষা বোর্ডের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (৩১ আগস্ট ২০২৫ তারিখের সংশোধনী) এর ঢাকা শিক্ষা বোর্ডের ক্ষেত্রে ৭৫(২) এবং অন্যান্য শিক্ষা বোর্ডের ক্ষেত্রে ৭৪(২) প্রবিধি অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি গঠনের নিমিত্ত শিক্ষা বোর্ডসমূহকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হইলো:

১। গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির সভাপতি : শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির সভাপতির সাধারণ শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম স্নাতক পাশ বা সমমান হইবে। তবে, বিশেষক্ষেত্রে সরকার গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির সভাপতি নির্ধারণে ব্যক্তির শিক্ষার প্রসার ও উন্নয়নে বিশেষ অবদান বা যোগ্যতা বিবেচনাপূর্বক উক্ত শর্ত শিথিল করিতে পারিবে।

২। গভর্নিং বডির সভাপতি মনোনয়ন : গভর্নিং বডির সভাপতি মনোনয়নের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, মহানগরের ক্ষেত্রে বিভাগীয় কমিশনার এবং অন্যান্য ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসকের মাধ্যমে জেলা বা উপজেলার সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত বা অবসরপ্রাপ্ত প্রথম শ্রেণির কর্মচারী, অবসরপ্রাপ্ত শিক্ষাবিদ, স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তি বা শিক্ষায় আগ্রহী স্থানীয় খ্যাতিমান ব্যক্তি/ সমাজসেবক, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতার মধ্য হইতে ৩ (তিন) জন ব্যক্তির নাম ও জীবনবৃত্তান্ত সংবলিত প্রস্তাব শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন। শিক্ষা বোর্ড প্রস্তাবিত ব্যক্তিগণের মধ্য হইতে একজনকে সভাপতি মনোনীত করিবেন।

৩। ম্যানেজিং কমিটির সভাপতি মনোনয়ন : সভায় উপস্থিত ম্যানেজিং কমিটির নির্বাচিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে অনুচ্ছেদ-১ এর শর্ত পূরণ সাপেক্ষে তাহাদের মধ্য হইতে অথবা জেলা বা উপজেলার সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত বা অবসরপ্রাপ্ত প্রথম শ্রেণির কর্মচারী, অবসরপ্রাপ্ত শিক্ষাবিদ, স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তি বা শিক্ষায় আগ্রহী স্থানীয় খ্যাতিমান ব্যক্তি/ সমাজসেবক, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতার মধ্য হইতে সভাপতি নির্বাচন করিতে পারিবেন।

৪। এছাড়া, অন্যান্য ক্ষেত্রে 'মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ ৯টি শিক্ষা বোর্ড (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০২৪'-এর নির্দেশনা অনুসরণ করিতে হইবে।

৫। পুনর্গঠিত কমিটিসমূহে (গভর্নিং বডি, ম্যানেজিং কমিটি ও এডহক কমিটি) স্থানীয় পর্যায়ের ৩ (তিন) জন গণ্যমান্য ব্যক্তি (০১ জন নারী প্রতিনিধিসহ) কে সংশ্লিষ্ট কমিটির সভাপতি/আহ্বায়ক কর্তৃক সদস্য হিসেবে মনোনয়ন নিশ্চিত করিবেন।

৬। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

২৩.১১.২০২৬

মোহাম্মদ মনোয়ার হোসেন
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

লেটার-২৫

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০০৮.২২.২৯৯

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩৩ / ২৩ নভেম্বর ২০২৬

বিতরণ কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অতিরিক্ত সচিব/উইং প্রধান (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার (সকল) ----------।
৪. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/দিনাজপুর /ময়মনসিংহ (পরিপত্রের নির্দেশনা অনুযায়ী জরুরীভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধসহ)।
৭. যুগ্মসচিব (বেসরকারি মাধ্যমিক/সরকারি মাধ্যমিক/অডিট/আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৮. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৯. জেলা প্রশাসক ----------(সকল)।
১০. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
১১. সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১২. উপজেলা নির্বাহী অফিসার ..... (সকল)।
১৩. সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়।
১৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা..... (সকল অঞ্চল) ।
১৫. অধ্যক্ষ/প্রধান শিক্ষক .....।
১৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ..... (সকল অঞ্চল)।
১৭. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৮. জেলা শিক্ষা অফিসার..... (সকল) ।
১৯. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার..... (সকল)।
২০. অফিস কপি।

২৩.১১.২০২৬

মোহাম্মদ মনোয়ার হোসেন
উপসচিব